

ডিরেক্ট গ্রান্টস অর্থাৎ সরাসরি ভাবে যে অনুদানগুলি পাওয়া যাচ্ছে

সমাজের বিভিন্ন গোষ্ঠী ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলির জন্য ডিরেক্ট গ্রান্টস বা সরাসরি আর্থিক অনুদান পাওয়া যাচ্ছে। এই আর্থিক অনুদানগুলি নতুন উদ্যোগে কাজে লাগানো যেতে পারে, যা অর্থনৈতিক পুনরুজ্জীবনে সাহায্য করবে, সামাজিক ভাবে যারা অবহেলিত তাদের উন্নয়নে সাহায্য করবে ও স্থানীয় জনগণের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করবে। গ্রান্টের সর্বোচ্চ পরিমাণ হল £১৫,০০০। বর্তমানের গ্রান্টগুলি ২০০৪ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে ব্যবহার করে ফেলতে হবে।

এই ডিরেক্ট গ্রান্টের অর্থ আসছে স্কটিশ ইউরোপীয়ান সোশ্যাল ফান্ড অবজেক্টিভ ৩ প্রোগ্রাম, কমিউনিটিস স্কটল্যান্ড ও স্কটিশ এন্টারপ্রাইস নেটওয়ার্ক থেকে।

আবেদনকারী প্রতিষ্ঠানগুলির কেন্দ্র অবজেক্টিভ ৩ প্রোগ্রামের অন্তর্ভুক্ত অঞ্চলে হতে হবে। দুর্ভাগ্যবশত: হাইল্যান্ডস ও আইল্যান্ডস-এ এই প্রোগ্রাম কাজ করে না। আপনার প্রতিষ্ঠান যদি গত ৩ বছরের মধ্যে কোনও জায়গা থেকে £৭৫,০০০ -র বেশি অর্থসাহায্য না পেয়ে থাকে তাহলেই শুধু এই গ্রান্টের জন্য আবেদন করতে পারবে।

আমরা যে সব ক্ষেত্রে অর্থসাহায্য করতে পারব তা হল : যে সব কাজে কমিউনিটির জনগণ অধিক সংখ্যায় অংশগ্রহণ করবেন, যে সব কাজের মধ্য দিয়ে দক্ষতা ও কর্মতৎপরতা বাড়ানো যাবে, কোনও একটি সামাজিক সংগঠন বা সমবায় শুরু করা যাবে বা সমাজের অবহেলিত গোষ্ঠী বা ব্যক্তিবিশেষের প্রয়োজন মেটানো যাবে। আমরা কোনও কিছু কেনবার জন্য বা কাউকে কাজের বিনিময়ে অর্থ দেবার জন্য গ্রান্ট দেব না।

SCVO ওয়েবসাইট [www.scvo.org.uk/direct_grants] থেকে বা SCVO, 38 Queen Street, Glasgow, G1 3DX এই ঠিকানা থেকে আবেদন পত্র সংগ্রহ করতে পারবেন। আপনার স্থানীয় CVS (Council for Voluntary Service) থেকেও আবেদন পত্র সংগ্রহ করতে পারবেন। আবেদনপত্র ভর্তি করবার বিষয়ে পরামর্শ ও সাহায্যের জন্য আপনি প্রথমতঃ আপনার স্থানীয় CVS -এর সাথে যোগাযোগ করবেন, এটাই আমরা স্বপারিশ করছি।

SCVO -র কর্মীরা এবং আমাদের স্থানীয় কন্ট্রাক্টরেরা একটি বিশাল উদ্যোগ শুরু করেছেন। তাঁরা বিভিন্ন গোষ্ঠী ও প্রতিষ্ঠানের সঙ্গে দেখা করছেন যাতে ডিরেক্ট গ্রান্টের বিষয়ে আরও তথ্য জোগানো যায়, কারা এই গ্রান্ট পাবার জন্য উপযুক্ত এবং আমাদের উদ্দেশ্যের সঙ্গে কাদের প্রস্তাব সবচেয়ে বেশি মানানসই, সে বিষয়গুলিতে পরামর্শ দিচ্ছেন। যাদের সঙ্গে দেখা করা হবে তাঁদের প্রয়োজন অনুসারে এই আলোচনা সভাগুলির ব্যবস্থা করা হবে। এই মিটিং-গুলিতে প্রয়োজন হলে যাতে উপযুক্ত অনুবাদ ও দোভাষীর ব্যবস্থা করা যায় SCVO তা স্বনিশ্চিত করবে।

কোনও ডেভেলপমেন্ট অফিসারের সঙ্গে দেখা করতে হলে বা ডিরেক্ট গ্রান্টস প্রোগ্রামের কোন আলোচনা সভায় আসতে হলে নিচের ঠিকানায় যোগাযোগ করবেন।

SCVO, 38 Queen Street, Glasgow G1 3DX
(টেলিফোন 0141 225 8010)